গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০৭০.০৪০.০০.০০.১৬৯.২০১১-৮৭৯

তারিখ: ১২ শ্রাবণ ১৪২৯
২৭ জুলাই ২০২২

বিষয়: মেয়র মোহাম্মদ হানিফ ফ্লাইওভার, ঢাকা মাওয়া এক্সপ্রেসওয়ে এবং পদ্মা সেতুর টোল প্লাজায় যানজট নিরসনে অনুষ্ঠিত মতবিনিময় সভার কার্যবিবরণী প্রেরণ।

সূত্র: প্রধানমন্ত্রীর কার্যালয়ের স্মারক নং-০৩.৩৫.০০০০.০৭২.০৬.০০১.১৭ অংশ-৪৬, তারিখ: ২১ জুলাই ২০২২ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে প্রধানমন্ত্রীর কার্যালয়ের মহাপরিচালক-২ (অতিরিক্ত সচিব)-এর সভাপতিত্বে গত ১৭ জুলাই ২০২২ তারিখে অনুষ্ঠিত মেয়র মোহাম্মদ হানিফ ফ্লাইওভার, ঢাকা মাওয়া এক্সপ্রেসওয়ে এবং পদ্মা সেতুর টোল প্লাজায় যানজট নিরসনে অনুষ্ঠিত মতবিনিময় সভার কার্যবিবরণীর সুপারিশসমূহ বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করত: গৃহিত ব্যবস্থা সম্পর্কে আগামী ১০(দশ) কার্যদিবসের মধ্যে এ বিভাগকে অবহিত রেখে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

(মোহাম্মদ শামছুল ইসলাম)
উপসচিব
ফোন: ০২-২২৩৩৫৩৬২৫
মুঠোফোন: ০১৭১৬-৪২৬১২০
ই-মেইল: lgcc1@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
নগর ভবন, ফুলবাড়িয়া, ঢাকা।

অনুলিপি জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মন্ত্রী'র একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব-এর একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
৪। পরিচালক-৫, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
৫। মেয়রের একান্ত সচিব, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, নগর ভবন, ফুলবাড়িয়া, ঢাকা।
৬। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## প্রধানমন্ত্রীর কার্যালয়

পুরাতন সংসদ ভবন, ঢাকা।

মুজিব শতবর্ষ MUJIB 100

পত্র সংখ্যা ০৩.৩৫.০০০০.০৭২.০৬.০০১.১৭ অংশ-৪৬

তারিখ ০৬ শ্রাবণ, ১৪২৯
২১ জুলাই, ২০২২

**বিষয়ঃ হানিফ ফ্লাইওভার ঢাকা মাওয়া এক্সপ্রেসওয়ে এবং পদ্মা সেতুর টোল প্লাজায় যানজট নিরসনে অনুষ্ঠিত মতবিনিময় সভার কার্যবিবরণী।**

উপর্যুক্ত বিষয়ে গত ১৭ জুলাই ২০২২ তারিখে এ কার্যালয়ে অনুষ্ঠিত মতবিনিময় সভার স্বাক্ষরিত কার্যবিবরণীর সুপারিশসমূহ যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হওয়ায় সুপারিশসমূহ বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করত: গৃহীত ব্যবস্থা আগামী ১০ (দশ) কার্য দিবসের মধ্যে এ কার্যালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি ঃ বর্ণনামতে ০৩ (তিন) পাতা।

২১।০৭।২০২২
(মুহম্মদ শাহীন ইমরান)
পরিচালক-৫
ফোন ঃ ৫৫০২৯৪২৫
ই-মেইল: dir5@pmo.gov.bd

**বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, সেতু বিভাগ, সেতু ভবন, নিউ এয়ারপোর্ট রোড, বনানী, ঢাকা
৪. সচিব ,সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।
৬. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
৭. প্রধান প্রকৌশলী, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ, সেতু ভবন, নিউ এয়ারপোর্ট রোড, বনানী, ঢাকা।
৮. অতিরিক্ত পুলিশ কমিশনার (ট্রাফিক), ঢাকা মেট্রোপলিটন পুলিশ ।
৯. প্রধান প্রকৌশলী, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।
১০. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর।
১১. ব্যবস্থাপনা পরিচালক,ওরিয়ন গ্রুপ।

**অনুলিপি ঃ (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে)**

১. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব / সিনিয়র সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২. মহাপরিচালক-২,এর ব্যক্তিগত কর্মকর্তা প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।


স্থানীয় সরকার বিভাগ
সচিবের দপ্তর
১) অতিরিক্ত সচিব
২) মহাপরিচালক
৩) যুগ্মসচিব
৪) যুগ্মসচিব (পরিকল্পনা)
১) প্রশাসন
২) নগর উন্নয়ন
৩) উন্নয়ন
৪) পানি সরবরাহ (পাস)
৫) উপজেলা অধিশাখা
৬) ইউপি অধিশাখা
৭) অডিট অধিশাখা
৮) আইন অধিশাখা
ডাইরি নং ঃ
তারিখঃ ২৫/৭/২২
স্বাক্ষর

নম্বর তারিখ ঃ ২৭/৭/২২
১। উপ-সচিব-সিঃ কঃ-১
২। উপ-সচিব-সিঃ ক-২
৩। নগর উন্নয়ন-১
৪। নগর উন্নয়ন-২
২৭.০৭.২২
যুগ্মসচিব (নঃউঃ-১) অধিশাখা

নম্বর নং তারিখ ২৬/৭/২২
১। যুগ্ম-সচিব (নঃউঃ-১)
২। যুগ্ম-সচিব (নঃউ-২)
৩। উপ-সচিব (সিঃকঃ১/২)
৪। উপ-সচিব (পৌর-১/২)
অতিরিক্ত সচিব (নঃউঃ)

ডায়েরি নং
তারিখ: 27 JUL 2022
প্রশাসনিক কর্মকর্তা (সিটি কর্পোরেশন-১)
২৭/৭/২২
উপসচিব (সিটি কর্পোরেশন-১ শাখা)

স্থানীয় সরকার বিভাগ
প্রাপ্তির তারিখ ২৫/৭/২২
নম্বর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রধানমন্ত্রীর কার্যালয়**
**তেজগাঁও, ঢাকা**

**বিষয় ঃ হানিফ ফ্লাইওভার, ঢাকা মাওয়া এক্সপ্রেসওয়ে এবং পদ্মা সেতুর টোল প্লাজায় যানজট নিরসনে অনুষ্ঠিত মতবিনিময় সভার কার্যবিবরণী।**

সমন্বয়ক: মোঃ আজিজুর রহমান
মহাপরিচালক-২ (অতিরিক্ত সচিব), প্রধানমন্ত্রীর কার্যালয়।
তারিখ সময় ও স্থান : ১৭/০৭/২০২২, সকাল ১১.০০ ঘটিকা, সভাকক্ষ (৪০৪), প্রধানমন্ত্রীর কার্যালয়।
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সমন্বয়ক সকলকে স্বাগত জানিয়ে মতবিনিময় সভা শুরু করেন। সভায় প্রধান প্রকৌশলী, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ; অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর; যুগ্মসচিব, সেতু বিভাগ; যুগ্মসচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ; সিনিয়র ভাইস প্রেসিডেন্ট, মেয়র মোহাম্মদ হানিফ ফ্লাইওভার এবং সহকারী ভাইস প্রেসিডেন্ট, মেয়র মোহাম্মদ হানিফ ফ্লাইওভার উপস্থিত ছিলেন।

সভায় অভিমত ব্যক্ত করা হয় যে, পদ্মা সেতুর উপর দিয়ে smoothly যানবাহন পারাপার নির্ভর করে মূলত পদ্মা সেতু, এক্সপ্রেসওয়ে এবং মেয়র মোহাম্মদ হানিফ ফ্লাইওভারে দক্ষতার সাথে টোল আদায় কার্যক্রমের উপর। তাই নির্বিঘ্ন যান চলাচল নিশ্চিত করার লক্ষ্যে এ তিনটি স্থাপনার টোল আদায়ে যুগপৎভাবে সুসমন্বিত কার্যক্রম গ্রহণ করা আবশ্যক। সভায় বিদ্যমান অবকাঠামো, জনবল ও সম্পদ ব্যবহার করে ব্যবস্থাপনার দক্ষতা বৃদ্ধির মাধ্যমে যানজট নিরসনের উপর গুরুত্বারোপ করা হয়। এ বিষয়ে প্রধান প্রকৌশলী, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ এবং অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর একমত পোষণ করেন। ঢাকা মাওয়া সড়কের সার্ভিস লেনে সাময়িকভাবে পার্কিং করে রাখা যানবাহন ও সার্ভিস লেনে রাস্তার উপরে বাজার বসায় সার্ভিস লেনে যানজট সৃষ্টি হয় মর্মে সভায় অবহিত করা হয়।

সভায় জানানো হয় যে, সকাল ১০.০০ ঘটিকা থেকে দুপুর ১২.০০ ঘটিকা এবং বিকেল ৪.০০ ঘটিকা ঢাকা থেকে বহির্গামী যানবাহনের চাপ বেশী থাকে এবং বিকেল ৪.০০ ঘটিকা থেকে রাত ৯.০০ ঘটিকা পর্যন্ত ঢাকামুখী যানবাহনের চাপ বেশী থাকে বিধায় এ সময় পদ্মা সেতুর উভয় টোল প্লাজা, এক্সপ্রেসওয়ের টোল প্লাজা এবং মেয়র মোহাম্মদ হানিফ ফ্লাইওভারের উভয় প্রান্তের টোল প্লাজায় যানজট সৃষ্টি হয়।

সভায় অবহিত করা হয় যে, পদ্মা সেতুর টোল প্লাজা এবং এবং এক্সপ্রেসওয়ের টোল প্লাজায় টোল আদায়ে নিয়োজিত কর্মীগণ নবীন। তাছাড়া টোল আদায়ে কাঙ্ক্ষিত প্রশিক্ষন না থাকায় তাদের দক্ষতার অভাব রয়েছে। যে কারণে টোল আদায়ে কাঙ্ক্ষিত সময়ের চেয়ে বেশী সময় দরকার হয়। এর ফলে পিক আওয়ারে যানবাহনের সংখ্যা বৃদ্ধি পেলে যানজটের সৃষ্টি হয়। পদ্মা সেতুর উভয় প্রান্তের টোল প্লাজায় ছয়টি কাউন্টারের মাধ্যমে টোল কালেকশন করা হয়। একটি লেনে ইলেক্ট্রনিক টোল কালেকশন (ETC) ব্যবস্থা স্থাপন করা হবে বিধায় সেই লেনে কোন টোল আদায় হচ্ছে না। অপরদিকে এক্সপ্রেস ওয়েতে পিক আওয়ারে যে দিকে যানবাহনের চাপ বেশী থাকে সে দিকে ৯টি বুথে টোল কালেকশন করা হয়। স্বাভাবিকভাবেই এক্সস্প্রেস ওয়ের ৯ লেনের যানবাহন পদ্মা সেতুর ৬ লেনের টোল প্লাজায় যানজট সৃষ্টি করে।

সভায় আরও অবহিত করা হয় যে, ঢাকা-মাওয়া এক্সপ্রেসওয়ের বাস-বে তে গাড়ি না থামিয়ে বাস -বে'র বাহিরে বাস থামিয়ে যাত্রী উঠানো বা নামানো হয়। এ ছাড়া মাওয়া প্রান্তে পদ্মা সেতু উত্তর থানার পাশে বাস থামিয়ে যাত্রী উঠানো হয় বিধায় এ এলাকায় যানজট সৃষ্টি হয়। এ স্থানে দুর্ঘটনারও সমূহ আশঙ্কা রয়েছে। এছাড়া পদ্মা সেতুর উভয় প্রান্তের টোল প্লাজা সংলগ্ন এলাকা পরিষ্কার- পরিচ্ছন্ন করা হচ্ছে না। সভায় আরও অভিমত ব্যক্ত করা হয় যে এক্সপ্রেসওয়েতে নিয়মিত টহল দেয়া প্রয়োজন। এছাড়া বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ এবং সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক টোল আদায় কার্যক্রম নিবিড়ভাবে মনিটরিং করাও আশু প্রয়োজন।

সিনিয়র ভাইস প্রেসিডেন্ট, মেয়র মোহাম্মদ হানিফ ফ্লাইওভার সভায় জানান যে, গুলিস্তান টোল প্লাজা পার হয়ে গুলিস্তান সু-মার্কেটের সামনে হকারগণ রাস্তার উপরে দোকান বসিয়েছে। এস্থানে যানজট সৃষ্টি হয়। এ কারণে ফ্লাইওভার থেকে যানবাহন নামতে পারে না বিধায় ফ্লাইওভারের উপরে যানজটের সৃষ্টি হয়। তাছাড়া ফ্লাইওভারের দক্ষিণ টোল প্লাজা থেকে ফ্লাইওভারের নীচের রাস্তা ব্যবহারকারীদের জন্য যাত্রাবাড়িগামী লেফট লেইন অত্যন্ত সরু। এস্থানে একটি ক্রস-ওভার থাকায় পোস্তগোলা সেতুর দক্ষিণ প্রান্ত থেকে যানজট সৃষ্টি হয়। অধিকন্তু টোল প্লাজার পূর্বপাশে লোকাল গাড়ি থামিয়ে যাত্রী উঠানো-নামানো হয়।

সভায় জানানো হয় যে, মেয়র মোহাম্মদ হানিফ ফ্লাইওভারের নীচের রাস্তা যথাযথভাবে মেইন্টেইন করা না হওয়ায় যান চলাচলের অনুপোযোগী বা যানবাহন চলাচল কষ্টসাধ্য বিধায় যানবাহনসমূহ বাধ্য হয়ে মেয়র মোহাম্মদ হানিফ ফ্লাইওভার ব্যবহার করে। এর ফলে ফ্লাইওভারে যানবাহনের চাপ বৃদ্ধি পায় এবং দীর্ঘ যানজট সৃষ্টি হয়।

সভায় আরও জানানো হয় যে, বার্ণ ইউনিটের সন্নিকটে এবং চানখার পুল পুলিশ বক্সের নিকট পরপর দু'টি ক্রস ওভার থাকায় ঢাকা প্রান্ত থেকে যানবাহন মেয়র মোহাম্মদ হানিফ ফ্লাইওভারে উঠা- নামার সময় বিপুল সংখ্যক যানবাহন আটকা পড়ে। এ কারণে ফ্লাইওভারের উপর যানবাহনের দীর্ঘ জট সৃষ্টি হয়। অধিকন্তু টোল আদায়ের দক্ষতা বাড়ানো প্রয়োজন মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়।

সভায় নিম্নবর্ণিত সুপারিশসমূহ প্রদানে ঐকমত্য পোষণ করা হয়ঃ

১. ইলেক্ট্রনিক টোল কালেকশন (ETC) ব্যবস্থা স্থাপন না হওয়া পর্যন্ত অব্যবহৃত লেনে ম্যানুয়াল পদ্ধতিতে টোল আদায় করা যেতে পারে।
২. কারিগরি জটিলতা না থাকলে এক্সপ্রেসওয়ের টোল প্লাজার বুথের সাথে সামঞ্জস্য রেখে পদ্মা সেতুর টোল প্লাজায় বুথের সংখ্যা বৃদ্ধি করা যেতে পারে।
৩. পিক আওয়ারে পদ্মা সেতুর টোল প্লাজায় প্রতিটি বুথে ০২ (দুই) জন টোল কালেক্টর রাখা যেতে পারে।
৪. পদ্মা সেতুর টোল প্লাজা এবং এর সন্নিহিত এলাকার পরিষ্কার-পরিচ্ছন্নতা এবং টোল আদায় কার্যক্রম নিবিড়ভাবে মনিটরিং করার লক্ষ্যে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ একটি মনিটরিং টিম গঠন করতে পারে।
৫. পদ্মা সেতুর উত্তর থানার সামনে বাসগুলোর জড়ো হয়ে যাত্রী তোলা বন্ধ করতে হবে।
৬. বাস-বে'র বাইরে বাস থামানো বন্ধ, এক্সপ্রেসওয়ের সার্ভিস লেনের রাস্তার উপর বাজার বসানো এবং গাড়ি পার্কিং বন্ধ করার লক্ষ্যে সড়ক ও জনপথ অধিদপ্তর এবং পুলিশ সুপার, মুন্সিগঞ্জ ও মাদারীপুরকে টহল কার্যক্রম জোরদার করতে হবে
৭. দক্ষতার সাথে এক্সপ্রেসওয়ের টোল আদায়ের লক্ষ্যে সড়ক ও জনপথ অধিদপ্তর কার্যকর কর্মপন্থা নির্ধারণ করে সংশ্লিষ্ট সকলকে অবহিত করবে।
৮. মেয়র মোহাম্মদ হানিফ ফ্লাইওভারের টোল আদায় কার্যক্রম, যানজট নিরসন, যানবাহন ফ্লাইওভারে নির্বিঘ্নে উঠা-নামা, ফ্লাইওভারের নীচের রাস্তার মেইন্টিন্যান্স এবং ট্রাফিক নিয়ন্ত্রণের লক্ষ্যে নিম্নরূ
৯. পভাবে একটি কমিটি গঠন করা যেতে পারেঃ

| | | |
|---|---|---|
| I) | প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন | সভাপতি |
| II) | অতিরিক্ত পুলিশ কমিশনার (ট্রাফিক) ঢাকা মেট্রোপলিটন পুলিশ | সদস্য |
| III) | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর | সদস্য |
| IV) | মোঃ শাহজাহান আলী পাটোয়ারী, সিনিয়র ভাইস প্রেসিডেন্ট, মেয়র মোহাম্মদ হানিফ ফ্লাইওভার | সদস্য |
| V) | প্রধান প্রকৌশলী, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন | সদস্য সচিব |

ক। কমিটি আগামী ১০ (দশ) কার্যদিবসের মধ্যে বিবেচ্য বিষয়ে করণীয় নির্ধারণ করে তা বাস্তবায়নের লক্ষ্যে একটি কর্মপরিকল্পনা গ্রহণ করবে।

খ। কমিটি প্রতিমাসে ০২ (দুই) বার সভায় মিলিত হয়ে কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।
গ। কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি জননিরাপত্তা বিভাগ, স্থানীয় সরকার বিভাগ এবং প্রধানমন্ত্রীর কার্যালয়কে অবহিত করবে।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২০.০৭.২২
(মোঃ আজিজুর রহমান)
মহাপরিচালক-২ (অতিরিক্ত সচিব)
প্রধানমন্ত্রীর কার্যালয়

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## প্রধানমন্ত্রীর কার্যালয়
পুরাতন সংসদ ভবন, ঢাকা।

হানিফ ফ্লাইওভার, ঢাকা মাওয়া এক্সপ্রেসওয়ে এবং পদ্মা সেতু টোল প্লাজায় যানজট নিরসনে করণীয় সম্পর্কে প্রধানমন্ত্রীর কার্যালয়ের মহাপরিচালক -২ জনাব মোঃ আজিজুর রহমান (অতিরিক্ত সচিব) মহোদয়ের সভাপতিত্বে ১৭ জুলাই ২০২২ তারিখ সকাল ১১:০০ টায় এ কার্যালয়ের সভাকক্ষে (কক্ষ নং ৪০৪) অনুষ্ঠিত সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা ঃ

| ক্রঃ | নাম ও পদবী | মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার নাম | সেলফোন নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মো: মাহবুবের রহমান যুগ্ম সচিব | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | ০১৭৬০৭৮২ ৯৮২ | ১৭.৭.২০২২ |
| ০২ | রহিম ... সহকারী সচিব | সেতু বিভাগ | ০১৭১২৪৪০৮২০ | ১৭/৭/২২ |
| ০৩ | কাজী মোঃ ফেরদৌস নির্বাহী প্রকৌশলী | বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | 01715102074 | 17.07.22 |
| ০৪ | মো: শাহজাহান আলী পাটোয়ারী (SVP) | মেসার্স মোহাম্মদ হানিফ ফ্লাইওভার | 01713333160 | |
| ০৫ | মো: এহসানুল আজীম (AVP) | মেয়র হানিফ ফ্লাইওভার | 01713095810 | |
| ০৬ | মোঃ সরওয়ার উদ্দিন অতিরিক্ত প্রধান প্রকৌশলী | সড়ক ও জনপথ অধিদপ্তর | 01730782592 | |
| ০৭ | | | | |
| ০৮ | | | | |
| ০৯ | | | | |
| ১০ | | | | |
| ১১ | | | | |
| ১২ | | | | |